

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ৩৯৪৭

পর্ব-১৯: জিহাদ (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ৪. দ্বিতীয় অনুচ্ছেদ - যুদ্ধাভিযানে হত্যার বর্ণনা

আরবী

عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَوْفٍ قَالَ: عَبَّأَنَا النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِبَدْرٍ لَيْلًا. رَوَاهُ التِّرْمِذِيُّ

বাংলা

৩৯৪৭-[১১] 'আব্দুর রহমান ইবনু 'আওফ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, বদর যুদ্ধে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে রাতের প্রহরেই প্রস্তুত করেছেন। (তিরমিযী)[1]

ফুটনোট

[1] যঈফ : তিরমিযী ১৬৭৭। কারণ এর সনদে মুহাম্মাদ বিন ইসহক একজন মুদাল্লিস রাবী।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (بَبْدْرٍ لَيْلًا) অর্থাৎ- কাতারগুলো সোজা করলেন এবং আমাদের প্রত্যেককে এমন স্থানে দাঁড় করালেন রাতে তার জন্য যা উপযোগী হবে, যাতে দিনের জন্যও তা উপযোগী হয়। (তুহফাতুল আহওয়ায়ী ৫ম খন্ড, হাঃ ১৬৭৭)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবদুর রহমান ইবনু 'আওফ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=69274>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন